



## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

আজ বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ৪৮-তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে দলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তম ও সাবেক প্রধানমন্ত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকাল ৯টার দিকে সমাধিস্থলে গিয়ে ফাতেহা পাঠ ও পুষ্পস্তবক অর্পণ করেন তারেক রহমান। এ সময় বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব, কেন্দ্রীয় নেতারা এবং দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে সকাল ৬টায় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়সহ দেশের বিভিন্ন স্থানে দলীয় কার্যালয়ে দলীয় পতাকা উত্তোলন করা হয়।

১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান বিএনপি প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন দলটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। বিএনপির পক্ষ থেকে বলা হয়, দেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে জিয়াউর রহমান বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে অংশ নিতে উৎসাহিত করেছিলেন। ছাত্র, শিক্ষক, কৃষক ও শ্রমিকদেরও তিনি মুক্তিযুদ্ধে অংশগ্রহণে প্রেরণা দেন।

১৯৭৫ সালের ৭ নভেম্বর দেশের সংকটময় পরিস্থিতিতে জিয়াউর রহমান রাষ্ট্রের দায়িত্ব নেন। পরে তিনি বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করেন। স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষা ও গণতন্ত্রকে সামনে রেখে বিএনপি প্রতিষ্ঠা করা হয়। জিয়াউর রহমানের নেতৃত্বে দেশকে উন্নয়ন ও উৎপাদনের দিকে এগিয়ে নেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছিল বলেও দলটির পক্ষ থেকে দাবি করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিএনপি পাঁচ দিনের কর্মসূচি ঘোষণা করেছে। এর অংশ হিসেবে আগামী ৫ সেপ্টেম্বর বিকেল ৩টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে বিএনপি প্রতিষ্ঠার উদ্দেশ্য ও তাৎপর্য নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি থাকবেন বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। দলের জ্যেষ্ঠ নেতাদের পাশাপাশি দেশের বরেন্দ্র বুদ্ধিজীবীরাও সভায় অংশ নেবেন। এ উপলক্ষে একটি পোস্টারও প্রকাশ করা হবে।

এ ছাড়া বৃক্ষরোপণ ও মৎস্য অবমুক্তকরণ কর্মসূচি রয়েছে। মৎস্য অবমুক্তকরণ কর্মসূচিতে নেতৃত্ব দেবেন বিএনপির যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল। বৃক্ষরোপণ কর্মসূচিতে নেতৃত্ব দেবেন দলের যুগ্ম মহাসচিব ও পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দিন চৌধুরী এ্যানি।

দেশের জেলা ও মহানগর বিএনপি এবং এর বিভিন্ন ইউনিটও প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নিজেদের সুবিধাজনক সময়ে আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি পালন করবে।